

11 মার্চ, 2020

প্রিয় পরিবারবর্গ,

সকল শিক্ষার্থী, স্টাফ, এবং পরিবারের স্বাস্থ্য ও সুরক্ষা অব্যাহতভাবে DOE-এর প্রথম প্রাধান্য। নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন-এর পরামর্শের উপর ভিত্তি করে এবং অতিরিক্ত সাবধানতার অংশ হিসেবে, আমরা সকল মিডল্ স্কুলগুলোকে ফোনে অথবা টেকনোলজি-ভিত্তিক অপশন ব্যবহার করে এই সপ্তাহে মার্চের প্যারেন্ট টিচার কনফারেন্স সম্পন্ন করতে বলছি।

বৃহস্পতিবার সন্ধ্যায় (3/12) এবং শুক্রবার বিকেলে (3/13) যে প্যারেন্ট টিচার কনফারেন্স সময়সূচি করা হয়েছে সেগুলো অনুষ্ঠিত হবে; কিন্তু আপনার সশরীরে উপস্থিত হওয়া উচিত নয়। এর পরিবর্তে, প্যারেন্ট টিচার কনফারেন্স অনুষ্ঠিত হবে ফোনে অথবা ভার্চুয়ালি।

এখনকার মত, আপনার যা জানা প্রয়োজন সেগুলো এখানে দেয়া হলো:

- যেহেতু কনফারেন্সের জন্যে স্কুল এবং পিতামাতাদের জন্যে নির্ধারিত ক্যালেন্ডারে ইতিমধ্যে সময়সূচি করা হয়েছে, সেহেতু পরিকল্পিত সময় অনুযায়ী প্যারেন্ট টিচার কনফারেন্স অনুষ্ঠিত হবে বৃহস্পতিবার, 12 মার্চ – শুক্রবার, 13 মার্চ। কিন্তু, সশরীরে সাক্ষাৎ করার পরিবর্তে, আমরা আপনাকে ফোনে অথবা ভার্চুয়ালি অংশগ্রহণ করতে বলছি।
- ফোন অথবা ভার্চুয়াল কনফারেন্সের ব্যাপারে আপনার স্কুল থেকে কেউ আপনাকে সক্রিয়ভাবে যোগাযোগ করবেন। আপনি 3/12 তারিখ সন্ধ্যায় কনফারেন্সে অথবা 3/13 বিকেলের কনফারেন্সে ভার্চুয়ালি অথবা ফোনে যোগাযোগ করতে সক্ষম না হলে, স্কুল আপনার সুবিধামত একটি সময়ে সময়সূচি ধার্য করতে পারে।
- প্যারেন্ট টিচার কনফারেন্সের জন্যে প্রস্তুত হতে, পরিবারেরা তাদের সন্তানদের গ্রেড নিউ ইয়র্ক সিটি স্কুলস্ অ্যাকাউন্ট (NYCSA) থেকে সংগ্রহ করতে পারেন। আপনার যদি একটি অ্যাকাউন্ট না থেকে থাকে, তাহলে ভিজিট করুন: <https://www.schools.nyc.gov/learning/in-our-classrooms/nyc-schools-account>

এই মুহুর্তে আপনার নমনীয়তার জন্যে আমরা কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। এই পরিবর্তন আমাদের পিতামাতা ও শিক্ষার্থীদের স্বাস্থ্য ও সুরক্ষা প্রসারে আমাদের সাহায্য করার পাশাপাশি আপনার সন্তানের শিক্ষকের সাথে গুরুত্বপূর্ণ আলোচনা নিশ্চিত করে।

স্কুল সংক্রান্ত গুরুত্বপূর্ণ সর্বশেষ তথ্যের জন্যে অনুগ্রহ করে যেকোন সময় ভিজিট করুন schools.nyc.gov/coronavirus।

বিনীত,



রিচার্ড এ. কারানজা (Richard A. Carranza)

চ্যান্সেলর

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন